



সেনা পাবলিক স্কুল ও কলেজ

এসপিএসসি/নোটিস/একাডেমিক/প্রশাসনিক-২০২৪



বিশ্রুতি

‘ঐতিহাসিক মুজিবনগর দিবস উদ্‌যাপন ২০২৪’

১। এতদ্বারা প্রতিষ্ঠানের স্কুল ও কলেজ শাখার সকল ছাত্রছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম এবং মুক্তিযুদ্ধের ইতিহাসে এক অনন্য এক দিন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন এ দিনে মেহেরপুরের বৈদ্যনাথতলা গ্রামের আশ্রকাননে স্বাধীন বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করেন। পরে এই বৈদ্যনাথতলাকেই ঐতিহাসিক মুজিবনগর হিসেবে নামকরণ করা হয়। মুজিবনগরে এই আনুষ্ঠানিক শপথ গ্রহণের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রতিষ্ঠা লাভ করে। ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত এই দিনটি বাঙালিদের জাতীয় জীবনে অনেক গুরুত্ব ও তাৎপর্য বহন করে। এই প্রতিষ্ঠানে আগামী ১৭ এপ্রিল ২০২৪ তারিখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত দিবসে গৃহীত অনুষ্ঠানসূচি নিম্নরূপ:

অনুষ্ঠানসূচি:

ক্রমিক নং	বিষয়	সময়	
		হতে	পর্যন্ত
১।	মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ (প্রাপ্তি সাপেক্ষে)	০৯০০ ঘটিকা	০৯১৫ ঘটিকা
২।	মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ	০৯১৫ "	০৯২৫ "
৩।	দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা	০৯২৫ "	০৯৫৫ "
৪।	বিশেষ দোয়া ও মোনাজাত	০৯৫৫ "	১০০০ "

২। উক্ত দিবসে আয়োজিত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট শ্রেণির/শাখার শ্রেণিশিক্ষকগণকে নির্দেশ দেওয়া হলো।

৩। স্কুল বাস সকল স্টপেজ থেকে ০৮০০ ঘটিকায় ছেড়ে আসবে এবং অনুষ্ঠান শেষে ১০১৫ ঘটিকায় প্রতিষ্ঠান ত্যাগ করবে।

তারিখ: ১৫ এপ্রিল ২০২৪

অধ্যক্ষ

সেনা পাবলিক স্কুল ও কলেজ